

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৮১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬০. ইমামতির আপত্তি করা বাঞ্ছনীয় নয়

باب فِي كَرَاهِيَةِ التَّدَافُعِ عَلَى الإِمَامَةِ

আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ عَبَّادٍ الأَزْدِيُّ، حَدَّثَنَا مَرْوَانُ، حَدَّثَنْيِ طَلْحَةُ أُمُّ غُرَابٍ، عَنْ عَقِيلَةَ، _ امْرَأَةٌ مِنْ بَنِي فَزَارَةَ مَوْلَاةٌ لَهُمْ _ عَنْ سَلَامَةَ بِنْتِ الْحُرِّ، أُخْتِ خَرَشَةَ بْنِ الْحُرِّ الْفَزَارِيِّ الْمُرَاةُ مَوْلَاةٌ لَهُمْ عليه وسلم يَقُولُ " إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يَتَدَافَعَ أَمْلُ الْمَسْجِدِ لَا يَجِدُونَ إِمَامًا يُصلِي بِهِمْ " .

_ ضعيف: المشكاة ١١٢٤

বাংলা

৫৮১। খারাশাহ ইবনুল হুর আল-ফাযারীর বোন সালামাহ বিনতুল হুর (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ কিয়ামতের একটি নিদর্শন এটাও যে, মসজিদের বাসিন্দারা ইমামতির জন্য একে অপরের অনুরোধ প্রত্যাখ্যান করবে। পরিস্থিতি এমন হবে যে, তাদের সালাত আদায় করাবার মত কোন (যোগ্য) ইমাম তারা পাবে না। [1]

দুর্বল : মিশকাত ১১২৪।

English

Narrated Sulamah daughter of al-Hurr:

I heard the Messenger of Allah (ﷺ) say: One of the signs of the Last Hour will be that people in a mosque will refuse to act as imam and will not find an imam to lead them in prayer.



ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত কায়িম, অনুঃ ইমামের উপর যা ওয়াজিব, হাঃ ৯৮২), আহমাদ (৬/৩৮১), বায়হাকী (৩/১২৯), ত্বালহা উম্মু গুরাব সূত্রে। এর সনদে দু' জন অজ্ঞাত মহিলা রয়েছে, তন্মধ্যে উম্মু গুরাব একজন। হাফিজ বলেন, তার অবস্থা জানা যায়নি। এছাড়া সনদের আকীলার অবস্থাও জানা যায়নি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>